

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৬১.০০১.২১.১২৬

তারিখ: ৯ অগ্রহায়ণ ১৪২৮

২৪ নভেম্বর ২০২১

বিষয়: ভোলা জেলার লালমোহন উপজেলাধীন হোসনে আরা বেগম মাধ্যমিক বিদ্যালয়ের নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের এম.পি.ভুক্তি সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ভোলা জেলার লালমোহন উপজেলাধীন হোসনে আরা বেগম মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মো. নাছির উদ্দিন কর্তৃক প্রতিষ্ঠানটির নিম্ন মাধ্যমিক স্তরে এম.পি.ও.ভুক্তির বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নম্বর ১৪৫১৫/২০১৯ দায়ের করেন। উক্ত রিট পিটিশনের রায়ের আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ মন্ত্রণালয়ের আইন শাখা-২ হতে গত ১৭ সেপ্টেম্বর ২০২০ তারিখে ৩৭.০০.০০০০.০৯৪.০৪.০০০.২০.৪৭ সংখ্যক স্মারকে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর-কে নির্দেশনা দেয়া হয়েছে।

পরবর্তীতে ০২/০১/২০২০ খ্রি. তারিখের ঘোষিত রায়ের আলোকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বিজ্ঞ আইন উপদেষ্টা মতামত উল্লেখ করেন-

“Our opinion is that the respondent No.1, Secretary, Ministry of Education should immediately dispose of his application in accordance with law and communicate the decision to the petitioner.”

এমতাবস্থায়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামতের আলোকে প্রতিষ্ঠানের নিম্ন মাধ্যমিক স্তরে এম.পি.ও.ভুক্তির বিষয়টি নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৪-১১-২০২১

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৬১.০০১.২১.১২২/১

তারিখ: ৯ অগ্রহায়ণ ১৪২৮

২৪ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) প্রধান শিক্ষক, হোসনে আরা বেগম মাধ্যমিক বিদ্যালয়, লালমোহন, ভোলা।
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২৪-১১-২০২১

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব